দৈনিক সংবাদ

তারিখ ... পৃষ্ঠা ৩ কলাম ২

JAN. 20 2002

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

# প্রজ্ঞাপন জারি না হওয়ায় অনিশ্চিত হয়ে পড়েছে ২৫০ জন ছাত্রছাত্রীর ভবিষ্যৎ

পটুয়াখালী থেকে নিজস্ব সংবাদদাতা ঃ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রজ্ঞাপন জারি না হওয়ায় ২শ ৫০ জন ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে।

ওই বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, সাবেক সরকার পটুয়াখালী কৃষি কলেজকে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করেন। সাবেক প্রধানমন্ত্রী ও বর্তমান বিরোধী দলীয় নেত্রী কোন এক সময় পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উদ্বোধনও করেন। সেই সুবাদে ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে ১শ ২৫ জন ছাত্র-ছাত্রী এবং ২০০০-২০০১ শিক্ষাবর্ষে ১শ ২৫ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়। ১ম পর্বের পাঠ্যক্রম যথা সময় শেষ হলেও বিশ্ববিদ্যালয় প্রজ্ঞাপন জারি না হওয়ায় কর্তৃপক্ষ পরীক্ষা নেয়নি এবং তাদেরকে দ্বিতীয় পর্বে উন্নীত করেননি। ফলে ১ম পর্বের ১শ ২৫ জন ছাত্র-ছাত্রী উৎকণ্ঠার মধ্যে দিন কাটাচ্ছেন। সেশন জটেও পড়ে যাচ্ছেন। দ্বিতীয় ব্যাচে অর্থাৎ (২০০০-২০০১) চলতি শিক্ষাবর্ষের ১শ ২৫ জন ছাত্র-ছাত্রী শুধু ভর্তি হয়েই আছে। প্রজ্ঞাপন জারি না হওয়ায় ওই ব্যাচের শিক্ষা কার্যক্রম বন্ধ হয়ে আছে। এ ব্যাপারে ২ ব্যাচের ২শ ৫০ জন ছাত্র-ছাত্রী অবিলম্বে প্রজ্ঞাপন জারি করার জন্য প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি পেশ করেছেন।